02 SEP 2016
তারিখ
পৃষ্ঠা ৬ কলাম ৫

দৈনিক
ইত্তেফাক

# মেধা ও মুক্তিযোদ্ধা কোটায় ৬ শিক্ষার্থীর বৃত্তি লাভ

## 'কানাডিয়ান ইউনিভার্সিটি'র শিক্ষা মেলা

■ ইত্তেফাক রিপোর্ট

'কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ'র শিক্ষা মেলায় মেধা ও মুক্তিযোদ্ধা কোটায় ছয় জন শিক্ষার্থীকে শতভাগ বৃত্তি প্রদান ও পুরস্কৃত করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি বিষয়ক প্রতিমন্ত্রী উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেন। সম্প্রতি 'কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ'র শিক্ষা মেলার তৃতীয় দিনে শিক্ষার্থীদের মাঝে এ পুরস্কার দেওয়া হয়। শিক্ষা মেলার উদ্বোধন করেন বাণিজ্য মন্ত্রী তোফায়েল আহমেদ।

প্রতিমন্ত্রী বলেন, গত দুই দশক ধরে উচ্চশিক্ষার সুযোগ ব্যাপকভাবে বাড়ানো হয়েছে। কিন্তু আমরা এখনো প্রত্যাশিত পর্যায়ে উচ্চশিক্ষার মান নিশ্চিত করতে সক্ষম হইনি। আশা করি কানাডিয়ান বিশ্ববিদ্যালয় এই ব্যাপারে বিশেষ অবদান রাখতে সক্ষম হবে। কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ যে পাঁচটি প্রকৌশল বিভাগ খোলার এবং ব্যবহারিক জ্ঞানের ওপর বিশেষ মনোযোগ দিচ্ছে, সে জন্য প্রতিমন্ত্রী কানাডিয়ান ইউনিভার্সিটির প্রশংসা করেন।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সাবেক চেয়ারম্যান ড. আজাদ চৌধুরী বলেন, বাংলাদেশের বুকে কানাডিয়ান ইউনিভার্সিটি কানাডার একটি অংশ যা বাংলাদেশের জন্য শুধু নয় বরং পুরো বিশ্বেই সুনাম অর্জন করবে। কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ এর অসামান্য অবকাঠামো ও অন্যান্য সুবিধার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রশংসা করেন। অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. হেলাল উদ্দিন, রাষ্ট্রদূত মো. আব্দুল হান্নান, হেদায়েতুল্লাহ আল মামুন, কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের প্রতিষ্ঠাতা চৌধুরী নাফিজ সরাফত বক্তব্য রাখেন। অন্যান্যের মধ্যে আরো উপস্থিত ছিলেন ট্রাস্টি সদস্য আনজুমান আরা শহিদ, রাহিব চৌধুরী ও ভাইস চ্যান্সেলর প্রফেসর উইলিয়াম এইচ ডেরেঞ্জার প্রমুখ।